

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫১৮(আগরতলা, ০৮।০৩)
মোহনপুর, ০৮ মার্চ, ২০১৯

দংদারি কামিতে একলব্য মডেল আবাসিক বিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন

গতকাল মোহনপুর মহকুমার হেজামারা ব্লকের শরৎ চৌধুরী ভিলেজের দংদারি কামিতে ৪৮০ আসন বিশিষ্ট একলব্য মডেল আবাসিক বিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়। উপজাতি কল্যাণ মন্ত্রী মেবার কুমার জমাতিয়া এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে উপজাতি কল্যাণ মন্ত্রী মেবার কুমার জমাতিয়া বলেন, বর্তমান সরকারের লক্ষ্য হচ্ছে পিছিয়েপড়া এলাকায় শিক্ষা, স্বাস্থ্য পরিষেবা সহ বিভিন্ন সুযোগ সুবিধা পৌঁছে দেওয়া। তিনি বলেন, আগামী তিন বছরের মধ্যে দুর্গম এলাকার সার্বিক বিকাশের লক্ষ্যে সরকার দ্রুততার সাথে কাজ করে যাচ্ছে। তিনি বলেন, এবছর ৪টি এবং আগামী ৫ বছরে ১৮টি একলব্য মডেল আবাসিক বিদ্যালয় গড়ে তোলা হবে। তিনি জানান, ২৪ কোটি টাকা ব্যয়ে এই আবাসিক বিদ্যালয় নির্মাণ করা হবে। এই বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের পড়াশুনার পাশাপাশি থাকা খাওয়া, স্কুলের পোষাক এবং অন্যান্য জিনিষও সম্পূর্ণ বিনামূল্যে প্রদান করা হবে। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিধায়ক বৃষকেতু দেববর্মা, এম ডি সি কুমুদ দেববর্মা, এস টি কর্পোরেশনের চেয়ারম্যান মঙ্গল দেববর্মা, উপজাতি কল্যাণ দপ্তরের বিশেষ সচিব সি কে জমাতিয়া, পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক জি আর দাস। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন হেজামারা বি এ সি'র চেয়ারম্যান সুনীল দেববর্মা। স্বাগত ভাষণ রাখেন হেজামারা ব্লকের বি ডি ও কমল দেববর্মা।
